প্রথম আলো

তারিখ APR 05 2002
পৃষ্ঠা ... কলাম ...

# কারাবন্দি লিয়াকত ও নজরুল ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক হলেন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

বাংলাদেশ ছাত্রলীগের ২৫তম জাতীয় কাউন্সিলে লিয়াকত সিকদার সভাপতি এবং নজরুল ইসলাম বাবু সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। গত বুধবার রাতভর চলা সম্মেলনে ছাত্রলীগের ইতিহাসে প্রথমবারের মতো কাউন্সিলরদের ভোটে সংগঠনের কেন্দ্রীয় নেতৃত্ব নির্বাচিত হলো। নবনির্বাচিত শীর্ষ দুই নেতাই এখন কারাগারে।

নবনির্বাচিতরা কাউন্সিলরদের ব্যাপক সমর্থন পেয়েছেন। সভাপতি পদে লিয়াকত

এরপর পৃষ্ঠা ১১ কলাম ৪


সভাপতি


সাধারণ সম্পাদক

# ছাত্রলীগের নতুন নেতৃত্ব

শেষ পৃষ্ঠার পর

সিকদার প্রদত্ত প্রায় ১ হাজার ৪০০ ভোটের মধ্যে ১ হাজার ২০৮ ভোট এবং সাধারণ সম্পাদক পদে নজরুল ইসলাম বাবু ৬০৯ ভোট পেয়েছেন।

গত ২৫ ফেব্রুয়ারি রাতে আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার বাসভবন থেকে বেরুনোর পর লিয়াকত এবং নজরুলসহ নয়জনকে গ্রেফতার করা হয়। তাদের আটকাদেশ হাইকোর্ট অবৈধ ঘোষণা করলেও মুক্তি পাওয়ার পর জেল গেটেই আবার গ্রেপ্তার করে মামলা দেওয়া হয়। তাদের বিরুদ্ধে মামলা মিথ্যা বলে ছাত্রলীগ দাবি করে আসছে।

গতকাল পর্যন্ত সংগঠনের ২০১ সদস্যবিশিষ্ট কেন্দ্রীয় কমিটির অন্য পদগুলোর ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়নি বলে জানা গেছে। আজ বাকি কমিটি ঘোষণা হতে পারে।

সংগঠনের একাধিক সূত্র জানায়, গতকাল সকাল থেকেই ছাত্রলীগের শীর্ষ দুই পদের নেতা নির্বাচনের বিষয়ে আওয়ামী লীগের উচ্চ পর্যায়ের কয়েকজন এবং ছাত্রলীগের সাবেক নেতাদের মধ্যে কয়েক দফার বৈঠকেও চূড়ান্ত কোনো সিদ্ধান্ত নেওয়া সম্ভব হয়নি। আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা গতকাল সন্ধ্যায় সভাপতি, সাধারণ সম্পাদক মানোনীত করে এ ব্যাপারে একটি সিদ্ধান্ত জানিয়ে দেন। কিন্তু পরক্ষণেই ঢাকা মহানগর আওয়ামী লীগের শীর্ষ পর্যায় থেকে দলীয় নেত্রীকে জানানো হয়, এই কমিটি নিয়ে রাজধানীতে সরকারবিরোধী কার্যকর আন্দোলন গড়ে তোলা সম্ভব নয়। এরপর রাত ১০টায় আওয়ামী লীগ নেত্রী কাউন্সিলরদের ভোটে সরাসরি নেতৃত্ব নির্বাচন করার নির্দেশ দেন।

এদিকে গতানুগতিকভাবে আওয়ামী লীগ ও সাবেক ছাত্রনেতারা বৈঠক করে রাতে পত্রিকা অফিসে কমিটির তালিকা পাঠিয়ে দেওয়া হবে ধারণা করে সারা দেশ থেকে আসা বহু কাউন্সিলর অধিবেশনস্থল মহানগর নাট্যমঞ্চ মিলনায়তন ত্যাগ করেন। রাত ১০টায় ১ হাজার কাউন্সিলরের উপস্থিতিতে ভোটের প্রক্রিয়া শুরু হলে খবর পেয়ে অন্য কাউন্সিলররা এসে উপস্থিত হন। ভোর ৫টা পর্যন্ত চলে ভোটগ্রহণ। ভোট গণনা শেষে গতকাল বৃহস্পতিবার সকাল ৬টায় ফলাফল ঘোষণা করা হয়।

এবার ছাত্রলীগের সাংগঠনিক কাঠামোতে বড় পরিবর্তন আনা হয়েছে। গঠনতন্ত্র সংশোধন করে কেন্দ্রীয় কমিটির সদস্যসংখ্যা ১০১ থেকে বাড়িয়ে ২০১ করা হয়েছে। সারা দেশের মোট ৮৩টি ইউনিটের প্রায় ২ হাজার কাউন্সিলরের সম্মতিতে গঠনতন্ত্র সংশোধন চূড়ান্ত অনুমোদন লাভ করে।

সংশোধিত নতুন কাঠামোতে সহসভাপতি আগের ১৩ জনের বদলে ২১ জন, যুগ্ম সম্পাদক ২-এর বদলে ৬, সাংগঠনিক সম্পাদক ১-এর স্থলে ৬, সম্পাদক ১৩-এর স্থলে ১৫ এবং সহ-সম্পাদক ২৫ জন করে বাকি ১২৬ জনকে সদস্য করা হয়েছে।

নবনির্বাচিত সভাপতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের হেলথ ইকোনমিক্সের এমএস দ্বিতীয় পর্বের ছাত্র লিয়াকত সিকদারের বাড়ি ফরিদপুর জেলার বোয়ালমারী থানায়। এর আগে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকেই ইংরেজিতে এমএ পাস করেন। সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবুর বাড়ি নারায়ণগঞ্জের আড়াইহাজারে। তিনি জগন্নাথ কলেজ থেকে এমএ পাস করেছেন।